

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 19.10.2024**

**Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ রাজ্যে আসন্ন ছয় বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে ১০০ শতাংশ বুথেই কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হবে বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে। # আপাতত আসছে ৮৯ কোম্পানী বাহিনী।

২/ স্বাস্থ্য ক্ষেত্রে ১০ দফা দাবী সোমবারের মধ্যে পূরণ না হলে চিকিৎসকরা ফের একবার ধর্মঘটে যাওয়ার হাঁশিয়ারি দিয়েছেন। আজ ডাক দেওয়া হয়েছে ‘ন্যায়বিচার যাত্রা’।

৩/ বেঙ্গল রাইস মিলস্ অ্যাসোসিয়েশন সরকারের থেকে ধান নেওয়ার চুক্তিপত্রে স্বাক্ষর না করার সিদ্ধান্ত নিয়েছে।

৪/ পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনে লোকাল ট্রেনের স্টপেজ ৩০ সেকেন্ড করা নিয়ে যে খবর প্রচারিত হচ্ছে তা সম্পূর্ণ বিভ্রান্তিকর বলে রেলের তরফে দাবি করা হয়েছে।

৫/ ইস্টবেঙ্গল ও মোহনবাগান সুপার জায়ান্ট-এর মধ্যে আজ আইএসএল ফুটবলের কলকাতা ডার্বি ম্যাচকে ঘিরে ব্যাপক উন্মাদনার সৃষ্টি হয়েছে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

\*\*\*\*\*

রাজ্যে আসন্ন ছয় বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে ১০০ শতাংশ বুথেই কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হবে বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে। আপাতত ৮৯ কোম্পানী বাহিনী আসছে বলে খবর। এর মধ্যে রয়েছে CRPF, BSF, CISF, IIBP এবং

SSB । প্রত্যেক কেন্দ্রের জন্য গড়ে ২০ কোম্পানী বাহিনী মোতায়েনের পরিকল্পনা রয়েছে। গত লোকসভা নির্বাচনের পর উপনির্বাচনেও কৃতিম বুদ্ধিমত্তা ব্যাবহারের সিদ্ধান্ত নিয়েছে কমিশন। পাশাপাশি প্রত্যেক বুথেই থাকবে ওয়েব কাস্টং-এর ব্যবস্থা।

উল্লেখ্য, আগামী ১৩'ই নভেম্বর হতে চলা উপনির্বাচনের জন্য গতকাল বিজ্ঞপ্তি জারি হয়েছে। হাড়োয়া, নেহাটি, মেদিনীপুর, তালড্যাঙড়া, সীতাই এবং মাদারিহাটের কেন্দ্রগুলিতে আদর্শ আচরণ বিধি বলবত হওয়ার পাশাপাশি শুরু হয়েছে মনোনয়ন জমা দেওয়ার কাজ। ভোট গণনা ২৩শে নভেম্বর।

\*\*\*\*\*

RG Kar-এ নির্যাতিতা তরুণীর ন্যায় বিচার এবং স্বাস্থ্য ক্ষেত্রে ১০ দফা দাবী পূরণের জন্য আমরণ অনশন কর্মসূচী চালিয়ে যাওয়া চিকিৎসকরা ফের একবার ধর্মঘটে যাওয়ার হাঁশিয়ারি দিয়েছেন।

গতকাল সিনিয়ার চিকিৎসকদের সঙ্গে এই আন্দলনের পরবর্তী অভিমুখ স্থির করতে জুনিয়াররা বৈঠকে বসেন। বৈঠক শেষে WBJDF-এর সদস্য দেবাশিষ হালদার জানান, মুখ্যমন্ত্রীকে সবকঁটি দাবী মেনে নেওয়ার জন্য আলোচনায় বসতে হবে। আগামী সোমবারের মধ্যে প্রতিটি দাবী পূরণ না হলে, সিনিয়ার, জুনিয়ার, সরকারি, বেসরকারি সমস্ত জায়গায় ডাক্তাররা ধর্মঘটে যাবেন।

( বাইট- ডাক্তার দেবাশিষ )

উল্লেখ্য, এর আগে জুনিয়ার ডাক্তারদের কর্মবিরতিতে স্বাস্থ্য পরিষেবা ব্যাহত হয়েছিল।

\*\*\*\*\*

আর জি করে নির্যাতিতার জন্য ন্যায়বিচার এবং ১০ দফা দাবি আদায়ে জুনিয়র ডাক্তাররা আজ ‘ন্যায়বিচার যাত্রার’ ডাক দিয়েছেন। প্রাথমিক ভাবে জানা

গিয়েছে, আজ দুপুর ২টোয় নিহত চিকিৎসকের বাড়ির এলাকা থেকে শুরু হবে এই কর্মসূচি। মিছিল যাবে ধর্মতলার অনশনমঞ্চ পর্যন্ত। ‘রিলে’ পদ্ধতিতে এগোবে ‘ন্যায়বিচার যাত্রা’।

এদিকে, ধর্মতলার অনশনমঞ্চে ‘আমরণ অনশন’ চালিয়ে যাচ্ছেন সাত জন জুনিয়র ডাক্তার। অনশন কর্মসূচী চতুর্দশতম দিন অতিক্রম করেছে। উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজেও অনশন করছেন এক জুনিয়র ডাক্তার।

\*\*\*\*\*

চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের সুরক্ষায় ‘রাত্তিরের সাথী’ প্রকল্প এবং রাজ্যের মেডিক্যাল কলেজ ও হাসপাতালগুলির পরিকাঠামোর উন্নয়নে নেওয়া বিভিন্ন কাজের অগ্রগতি নিয়ে রাজ্য সরকার আবারও পর্যালোচনা বৈঠকে বসে। মুখ্যসচিব মনোজ পন্থ গতকাল পূর্ত ও স্বাস্থ্য দপ্তরের সচিব এবং আধিকারিকরা ছাড়াও তথ্য প্রযুক্তি বিভাগের কর্মীদের সঙ্গে দফায় দফায় বৈঠক করেন। বৈঠকে নিরাপত্তা ও সংস্কার সংক্রান্ত বিভিন্ন বিষয়ে কাজের অগ্রগতি নিয়ে কথা হয়েছে বলে খবর।

প্রসঙ্গত পরিকাঠামোগত বিভিন্ন কাজের জন্যে রাজ্য সরকার ১১৩ কোটি টাকা বরাদ্দ করেছে। সুপ্রীম কোর্টের নির্দেশ মেনে গত ১৫ই অক্টোবরের মধ্যে এই কাজ শেষ হয়ে যাবে বলে মুখ্যসচিব আগে জানান।

এদিকে, রাজ্য সরকার, ১০ দফা দাবী নিয়ে আমরণ অনশন চালিয়ে যাওয়া চিকিৎসকদের শারীরিক অবস্থার খোঁজখবর নিতে প্রতিদিন স্বাস্থ্য ভবনে স্টেটাস রিপোর্ট পাঠানোর নির্দেশ দিয়েছে। স্বাস্থ্য সচিব নারায়ন স্বরূপ নিগম রাজ্যের সব মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ও সুপারকে অনশনরত জুনিয়র চিকিৎসকদের উপরে নজর রেখে তাদের শারীরিক অবস্থা নিয়ে দিনে অন্তত দু'বার স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট পাঠানোর নির্দেশ দিয়েছেন। তৈরী করতে বলা হয়েছে মেডিকেল বোর্ড।

অন্যদিকে, শাসক দলের মফতেই রাজ্য একের পর এক নারী নির্যাতন ও অপরাধ ঘটে চলেছে বলে শিক্ষক চিকিৎসক জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডেস্ট্র্স-এর প্রতিনিধি পরিত্র কুমার গোস্বামী জানান- ( বাইট- ডাক্তার পরিত্র )

\*\*\*\*\*

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নতুন দিল্লিতে কর্মযোগী সপ্তাহ National Learning Week -NLW বা জাতীয় শিখন সপ্তাহের সূচনা করবেন। এই সপ্তাহে প্রতিটি কর্মযোগী অন্তত চার ঘন্টা দক্ষতা যুক্ত শিখন লক্ষ্য অর্জনে সচেষ্ট হবেন। NLW প্রতিটি অংশগ্রহণকারী, মন্ত্রক, দপ্তর ও সংগঠনের জন্য বিভিন্ন ফর্মের মাধ্যমে শিখন প্রক্রিয়ার বিষয়ে তাদের দায়বদ্ধতা জানিয়েছে। অংশগ্রহণকারীরা তাদের নির্দিষ্ট ঘন্টা সম্পূর্ণ করতে পারেন আইগটে রোল বেসড মডিউল, ওয়েবিনার, বিভিন্ন বক্তৃতা এবং বিশিষ্ট ব্যক্তিদের পলিসি মাস্টার ক্লাসের মাধ্যমে।

\*\*\*\*\*

বেঙ্গল রাইস মিলস্ অ্যাসোসিয়েশন, রাজ্য সরকারের থেকে ধান নেওয়ার চুক্তিপত্রে স্বাক্ষর না করার সিদ্ধান্ত নিয়েছে। কলকাতায় গতকাল অ্যাসোসিয়েশনের কার্যকরী সভাপতি আব্দুল মালেক সাংবাদিকদের কাছে অভিযোগ করেন, রাজ্য খাদ্য দপ্তর গত দু'বছর ধরে তাদের কোন দাবি পূরণ করছে না। সরকারের কাছ থেকে ধান নেওয়ার জন্য খাদ্য দপ্তরের সঙ্গে যে চুক্তিপত্রে স্বাক্ষর করতে হয়, সেই চুক্তি অনুযায়ী ২৫লক্ষ টাকা ব্যাংক গ্যারান্টির বিনিময়ে সরকার চালকল মালিকদের এক কোটি টাকার ধান দিয়ে থাকে। তবে এবছর সেই ব্যাংক গ্যারান্টির অর্থের পরিমাণ বৃদ্ধি করা হয়েছে। শ্রী মালেক জানান, প্রতিবেশী রাজ্য ওড়িশায় ব্যাংক গ্যারান্টির পরিবর্তে ছয়গুণ ধান চালকল মালিকদের দেওয়া হয়ে থাকে। ব্যাংক গ্যারান্টির অর্থ পুনরায় ২৫ লক্ষ টাকা ধার্য করা না হলে সংগঠনের সদস্যরা চুক্তিপত্রে সই করবে না।

(বাইট- আব্দুল মালেক)

\*\*\*\*\*

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনে লোকাল ট্রেনের স্টপেজ ৩০ সেকেন্ড করা নিয়ে যে খবর বিভিন্ন সমাজমাধ্যম এবং পোর্টালে প্রচারিত হচ্ছে তা সম্পূর্ণ বিভ্রান্তিকর বলে রেলের তরফে দাবি করা হয়েছে। পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র গতকাল এক বিবৃতিতে ওই খবর ভিত্তিহীন বলে উল্লেখ করেন। এধরনের অপপ্রচারে বিশ্বাস না করতে এবং বিভ্রান্ত হওয়া থেকে বিরত থাকতে তিনি যাত্রীদের কাছে বিনীত অনুরোধ জানান।

লোকাল ট্রেনগুলি আগের মতোই প্রতিটি স্টেশনে তাদের নির্ধারিত সময়ের জন্য দাঁড়াবে, এবং যাত্রীদের ওঠানামার জন্য পর্যাপ্ত সময় থাকবে বলে পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক জানিয়েছেন।

\*\*\*\*\*

অমৃত ভারত প্রকল্পের আওতায় পূর্ব রেলের আসানসোল ডিভিশনের পানাগড় স্টেশনের উন্নয়নের কাজ চলছে দ্রুত গতিতে। ১৫ কোটি টাকা ব্যায়ে সাজিয়ে তোলা হচ্ছে স্টেশনটিকে। গতকাল পানাগড় স্টেশনের উন্নয়নের কাজ পরিদর্শন করেন রেলের আধিকারিকরা। আসানসোলের জনসংযোগ আধিকারিক বিপ্লব বাউরি জানান, পানাগড় স্টেশনের উন্নয়নের কাজ প্রায় ৯০ শতাংশ সম্পূর্ণ হয়ে গিয়েছে। দ্রুতগতিতে কাজ চলছে। কাজ সম্পন্ন হলে রেলের তরফে অমৃত ভারত স্টেশন হিসাবে এর উদ্বোধন করা হবে।

\*\*\*\*\*

জাতীয় পরিবেশ আদালতের নির্দেশ মেনে পুজোর পরই শহরের বিভিন্ন রুট থেকে ১৫ বছরের পুরণো প্রায় সাড়ে ৫০০ বাসকে তুলে নেওয়া হয়েছে বলে পরিবহন দপ্তর

জানিয়েছে। এর ফলে সমস্যায় পড়েছেন যাত্রীরা। উদ্ভূত এই পরিস্থিতিতে পরিবহন দপ্তর সুপ্রিম কোর্টে যাওয়ার কথা ভাবনা চিন্তা করছে।

উল্লেখ্য, ২০০৯ সালে কলকাতা হাইকোর্ট দৃষ্টি রোধে KMDA এলাকায় ১৫ বছরের বেশি পুরনো বাস চালানো যাবে না বলে নির্দেশ দেয়। বাস মালিক সংগঠন সুপ্রিম কোর্টে গেলে তা' পাঠ্যে দেওয়া হয় কলকাতা হাইকোর্টে। গত পয়লা আগস্ট থেকে তা কার্যকর করছে পরিবহন দপ্তর।

সূত্রের খবর, এই পরিস্থিতিতে বেসরকারি বাস মালিকদের লিজের ভিত্তিতে সরকারি বাস ব্যবহারের ছাড়পত্র দিয়েছে রাজ্য সরকার।

\*\*\*\*\*

উপকূল অঞ্চলে একটি বিপরীত ঘূর্ণাবর্তে থাকার কারণে স্থলভূমিতে জলীয় বাঞ্চ চুকছে, তাই দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় স্থানীয়ভাবে সকাল থেকেই বৃষ্টি শুরু হয়েছে। বিশেষ করে দুই মেদিনীপুর ওই দুই ২৪ পরগণায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ এই বৃষ্টিপাত চলছে। আলিপুর আবহাওয়া দপ্তরের সাইক্লন বিশেষজ্ঞ ডাক্তার হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানান, বেলা বাড়ার সঙ্গে সঙ্গে বৃষ্টি কমে আসবে।

(বাইট ডঃ হাবিবুর রহমান বিশ্বাস)

উত্তর আন্দামান সাগরে আগামী বিশে অক্টোবর নাগাদ একটি ঘূর্ণাবর্ত তৈরির সম্ভাবনা রয়েছে। ২২ শে অক্টোবর সেটি মধ্য বঙ্গোপসাগরে নিম্নচাপের আকার নেবে। এরপর শক্তি বাড়িয়ে ২৪ তারিখ নাগাদ সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা। এর প্রেক্ষিতে আগামী ২৩ ও ২৪ শে অক্টোবর রাজ্যে প্রায় সব জেলাতেই ভারি বর্ষণের পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। সমুদ্র উভাল থাকার সম্ভাবনার প্রেক্ষিতে মৎস্যজীবীদের ২২ ও ২৩ তারিখ গভীর সমুদ্রে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

\*\*\*\*\*

নদী ভাঙনে ভিটেমাটি হারানো নিত্য সঙ্গী হয়ে দাঁড়িয়েছে মালদা জেলার নদী তীরবর্তী এলাকার বাসিন্দাদের। লাগাতার দিন কাটছে আতঙ্ক ও উদ্বেগের মধ্যে। মালদা থেকে আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন-

(ভিসি- সহেলি )

\*\*\*\*\*

ইস্টবেঙ্গল ও মোহনবাগান সুপার জায়ান্ট এর মধ্যে আজ আইএসএল ফুটবলের কলকাতা ডার্বি ম্যাচকে ঘিরে ব্যাপক উন্মাদনার সৃষ্টি হয়েছে। যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। টানা চার ম্যাচে হেরে ইস্টবেঙ্গল এখনও পর্যন্ত কোন পয়েন্ট সংগ্রহ করতে পারেনি। অন্যদিকে, চার ম্যাচে সাত পয়েন্ট নিয়ে মোহনবাগান পয়েন্ট তালিকার চতুর্থ স্থানে রয়েছে। কাগজে কলমে সবুজ মেরুন ব্রিগেড এগিয়ে থাকলেও লাল হলুদ দলের কাছে এই ম্যাচটি ঘুরে দাঁড়ানোর লড়াই হয়ে দাঁড়িয়েছে। মোহনবাগানের কোচ হোসে মোলিনা প্রতিপক্ষকে সমীত করলেও তিন পয়েন্টের লক্ষ্য নিয়েই তাঁর দল মাঠে নামবে বলে জানিয়েছেন। ডার্বি ম্যাচের গুরুত্বের কথা ভেবে ফুটবলাররা নিজেদের সেরাটা দেবে বলে মনে করেন ইস্টবেঙ্গলের ভারপ্রাপ্ত কোচ বিনো জর্জ।

এদিকে, গোয়ার জওহরলাল নেহরু স্টেডিয়ামে আজ অন্য ম্যাচে এফ সি গোয়া, মুম্বাই সিটি এফ সি-র মুখোমুখি হবে। খেলা শুরু হবে বিকেল পাঁচটায়।

\*\*\*\*\*

বৃষ্টির কারণে মাঠ ভিজে থাকায় কল্যাণীর বেঙ্গল ক্রিকেট একাডেমিতে গতকাল বাংলা ও বিহারের মধ্যে রঞ্জি ট্রফি ক্রিকেটের প্রথম দিনের খেলা বাতিল হয়ে গেছে। ম্যাচে

ଟସଇ ହୟନି । ପ୍ରତି ଘଟାତେଇ ମାଠ ପର୍ଯ୍ୟବେକ୍ଷଣ କରେନ ଆମ୍ପାଯାରରା । ମାଠେର ଆଉଟଫିଲ୍ଡେର ପରିସ୍ଥିତି ଦେଖେ ସନ୍ତୋଷ ପ୍ରକାଶ କରତେ ପାରେନନି ତାରା । ଶେଷବାର ବେଳା ୩ୟେର ସମୟ ମାଠ ପର୍ଯ୍ୟବେକ୍ଷଣ କରାର ପର ଦିନେର ମତୋ ଖେଳା ବନ୍ଧ କରେ ଦେଓଯାର ସିଦ୍ଧାନ୍ତ ନେଓଯା ହୟ ।

\*\*\*\*\*